

দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
ঢাকা
www.acc.org.bd

নং ০৪.০১.০০০০.১০৪.১৫.১৮৮.১৭-

তারিখ:

প্রজ্ঞাপন

জনাব এস এম শামীম ইকবাল, সহকারী পরিচালক (সাময়িক বরখাস্ত), দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, খুলনায় কর্মরত থাকাকালে (বর্তমানে দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা) জনাব এস এম হাবিবুল্লাহ, উপসহকারী প্রকৌশলী, এলজিইডি, কয়রা, খুলনাকে গত ১৬/০৪/২০১৪ তারিখে ১০,০০০/- টাকা উৎকোচ গ্রহণকালে হাতেনাতে গ্রেফতারপূর্বক দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, খুলনা কর্তৃক মামলা রুজু করা হয়। মামলাটি তদন্ত করার জন্য জনাব এস এম শামীম ইকবাল, সহকারী পরিচালককে উক্ত মামলার তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হলে তিনি তদন্ত শেষে সাক্ষ্য-স্মারক দাখিল করেন। দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয় থেকে উক্ত মামলার চার্জশীট দাখিলের জন্য গত ২৪/০৬/২০১৫ তারিখের স্মারক নং দুদক/বিঃ অনূঃ তদন্ত-২-২০১৪/১৮৯৭১ মূলে মঞ্জুরি দেয়া হয়। কিন্তু কমিশন কর্তৃক চার্জশীট দাখিলের মঞ্জুরি প্রদানের পর তিনি থানা থেকে চার্জশীট নম্বর গ্রহণের পরও দীর্ঘদিন যাবৎ (এক বছরের বেশী সময়) বিজ্ঞ আদালতে চার্জশীট দাখিল না করে নিজের কাছে রেখে দেন। ফলে বিজ্ঞ সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, কয়রা, খুলনা কর্তৃক তদন্ত প্রতিবেদন না পাওয়ার কারণে ফৌজঃ কাঃ বিধির ২০৩ ধারা মতে গত ২৯/০৬/২০১৬ তারিখে মামলাটি খারিজ করেন এবং আসামী এস এম হাবিবুল্লাহকে মামলার দায় হতে অব্যাহতি প্রদান করেন। এতে কমিশনের ভাবমূর্তি মারাত্মকভাবে ক্ষুণ্ণ হয়। বর্ণিত অভিযোগে সহকারী পরিচালক জনাব এস এম শামীম ইকবালকে চাকুরী থেকে সাময়িক বরখাস্ত করা হয় এবং তার বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০০৮ এর ৩৯(ক),(খ) ও (ঙ) বিধিমতে বিভাগীয় মামলা নং ০১/২০১৭ রুজু করা হয়। বিভাগীয় মামলায় তার নামে অভিযোগনামা ও অভিযোগবিবরণী জারী করা হলে তিনি জবাব দাখিল করেন। তার দাখিলকৃত জবাব সন্তোষজনক না হওয়ায় বিভাগীয় মামলাটি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য কমিশনের একজন কর্মকর্তাকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তে তার বিরুদ্ধে আনীত “দায়িত্ব পালনে অবহেলা” ও “অসদাচরণ” এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন।

২। তদন্ত প্রতিবেদন, সহকারী পরিচালক (সাময়িক বরখাস্ত) জনাব এস এম শামীম ইকবাল এর লিখিত জবাব এবং সংশ্লিষ্ট রেকর্ডপত্র পর্যালোচনায় তাকে দোষী সাব্যস্ত করে দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০০৮ এর ৪০(১)(খ)(৫) বিধি মতে তাকে “চাকুরী হতে বরখাস্ত” দণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। সিদ্ধান্ত মতে উক্ত দণ্ড কেন তার উপর আরোপ করা হবে না তার কারণ দর্শানোর জন্য উক্ত বিধিমালার ৪০(৬)(ঝ) বিধি অনুযায়ী তার নিকট ২য় কারণ দর্শানো নোটিশ কমিশনের স্মারক নং ৭২৮ তারিখ ০১/০৩/২০১৮ মূলে জারী করা হয়। কারণ দর্শানো নোটিশ জারীর পর তিনি গত ১১/০৩/২০১৮ তারিখে জবাব দাখিল করেন। দাখিলকৃত জবাবে তার বিরুদ্ধে আনীত অভিযোগ তিনি খন্ডন করতে ব্যর্থ হয়েছেন বিধায় তার জবাব বিবেচনা না করে প্রস্তাবিত দণ্ড বহাল রাখার সিদ্ধান্ত কমিশন কর্তৃক গৃহীত/অনুমোদিত হয়।


৩। এমতাবস্থায়, দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০০৮ এর ৪০(১)(খ)(৫) বিধি অনুযায়ী জনাব এস এম শামীম ইকবাল, সহকারী পরিচালক, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকাকে চাকুরী হতে বরখাস্ত করা হলো।

৪। এ দন্ডদেশ জারীর তারিখ থেকে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
ড. নাসিরউদ্দীন আহমেদ
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক (সকল), দুর্নীতি দমন কমিশন, ঢাকা।
৩. পরিচালক (পর্যবেক্ষণ ও মূল্যায়ন), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. পরিচালক, দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয় (সকল)।
৫. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে অতিরিক্ত সংখ্যায় মুদ্রণের অনুরোধসহ)।
৬. চেয়ারম্যানের একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা (মাননীয় চেয়ারম্যানের সানুগ্রহ অবগতির জন্য)।
৭. কমিশনার (অনুসন্ধান/তদন্ত)-এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা (মাননীয় কমিশনারের সানুগ্রহ অবগতির জন্য)।
৮. সচিবের একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা (সচিব মহোদয়ের অবগতির জন্য)।
৯. সিস্টেম এনালিস্ট, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (কমিশনের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. জনসংযোগ কর্মকর্তা, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
১১. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১২. সহকারী পরিচালক (অর্থ ও হিসাব), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
১৩. জনাব এস এম শামীম ইকবাল, সহকারী পরিচালক (সাময়িক বরখাস্ত), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
১৪. ব্যক্তিগত নথি/গার্ড নথি/অফিস নথি।



জালাল সাইফুর রহমান
পরিচালক (প্রশাসন ও সংস্থাপন)
টেলিফোন: ০২-৯৩৫২১১৫
E-mail: d.admin@acc.org.bd